

তারিখ: ১৬/০২/২০২১ খ্রি.

রচনা প্রতিযোগিতা সম্পর্কিত বিজ্ঞপ্তি

অত্র কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি এর স্মারক নং- ০৫.৪২.৮৪০০.২০৫.০৩.০৩০.২০-১৪৬, তারিখ: ১৫/০২/২০২১ খ্রি. মোতাবেক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীকে নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী রচনা আগামী ২৫/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে অত্র কলেজে কর্মরত জনাব মো. মহিউদ্দিন, সহকারী অধ্যাপক (বাংলা) এর নিকট সরাসরি জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।


বিষয়: পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয়।

শর্তাবলী:

- ১। রচনা A-4 কাগজের, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চি রেখে এক পৃষ্ঠায় প্রিন্ট করতে হবে (২০০০ শব্দ), উভয় পৃষ্ঠায় নয়;
- ২। রচনা বাংলা ভাষায় হবে। তবে উদ্ধৃতি বা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের গৃহিত কার্যক্রম/বক্তব্য কোট আনকোট করে ইংরেজি ভাষা ব্যবহার করা যাবে। তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না;
- ৩। রচনার টপশীটে প্রতিযোগীর নাম, পিতা-মাতার নাম, যোগাযোগের ঠিকানা, প্রতিষ্ঠানের নাম, বর্ষ/শ্রেণি, মোবাইল নম্বর (বাংলা ও ইংরেজিতে) ও ই-মেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে;
- ৪। রচনার সাথে এক কপি ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে;
- ৫। প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে অধ্যয়নরত হিসেবে ছাত্র/ছাত্রীকে প্রত্যয়নপত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে;
- ৬। দাখিলকৃত রচনা ফেরত প্রদান করা হবে না।
- ৭। মূল্যায়ন কমিটি কর্তৃক ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে।
- ৮। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়ম ও বিস্তারিত শর্তাবলী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ওয়েবসাইট: www.ccb.gov.bd এ দেয়া হবে।

মানদস্ত:

১। মূল প্রতিপাদ্য বিষয় পরিস্ফুটন	- ৪০
২। তথ্য-উপাত্ত সন্নিবেশন ও বিশ্লেষণ	- ৩৫
৩। ভাষাগত উৎকর্ষ	- ১৫
৪। রচনার স্বকীয়তা	- ১০
মোট	- ১০০


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ১। জনাব মো. মহিউদ্দিন, সহকারী অধ্যাপক (বাংলা), অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে রচনা সংগ্রহ করে অগ্রায়নের লক্ষ্যে এ কার্যালয়ে জমাদানের জন্য অনুরোধ করা হলো।
- ২। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৩। সংরক্ষণ নথি।